

9485 - শিশুর জন্মদিবস পালনের ভোজানুষ্ঠানে উপস্থিত হওয়া ও খাবার গ্রহণ

প্রশ্ন

এখানের স্থানীয় মুসলমানেরা শিশুদের জন্মদিবস পালন করে, অতিথিদের জন্য খাবার পরিবেশন করে এবং সালাতে নারিয়া আদায় করে। আমরা এ অনুষ্ঠানের বিরোধিতা করে আসছি। কিন্তু আমাদেরকে উপস্থিত হতে হয়েছে এবং তারা আমাদেরকে এই বলে খেতে বাধ্য করেছে যে, তারা শুধু মেহমানদারির জন্য খাবার বানিয়েছে। এমতাবস্থায় সে খাবার খাওয়া কি আমাদের জন্য জায়েয হবে? আমরা জানি এটি বিদআত, কিন্তু খাবার খাওয়া যদি জায়েয না হয় এর দলিল কি?

প্রিয় উত্তর

জন্মদিবস পালন করা ইসলাম ধর্মে একটি বিদআত, এটি পালন করা নাজায়েয, এ উপলক্ষে যে খাবার প্রস্তুত করা হয়েছে সেটা খাওয়াও নাজায়েয। তারা যে, দাবী করছে, মেহমানদের জন্য খাবার তৈরী করা হয়েছে সে কারণ দর্শানো এ খাবার খাওয়াকে জায়েয করবে না। মেহমানদারির সুনির্দিষ্ট বিধি-বিধান রয়েছে। (ইসলামে) প্রত্যেকটি বিষয় এর উদ্দেশ্যের সাথে সম্পৃক্ত। এটি একেবারে সুস্পষ্ট যে, এই বিদআতি উপলক্ষকে কেন্দ্র করে এ খাবার প্রস্তুত করা হয়েছে। এ খাবার খাওয়ার মাধ্যমে এ বিদআত অব্যাহত রাখার ক্ষেত্রে তাদেরকে সহযোগিতা করা হবে। এটি পাপ ও সীমালঙ্ঘনের কাজে সহযোগিতা করার পর্যায়ভুক্ত। আল্লাহ তাআলা বলেন: “তোমরা নেক ও তাকওয়ার কাজে পরস্পরকে সহযোগিতা কর, পাপ ও সীমালঙ্ঘনের কাজে সহযোগিতা করো না।”

শাইখ আব্দুল কারীম আল-খুদাইর

আর ‘সালাতে নারিয়া’ এটি সুফিদের বিদআতি সালাত; এতে উপস্থিত হওয়া ও অংশ গ্রহণ করা জায়েয নেই।